ভোরের কাগজ

246

তারিখ OCT. 0 1 1999
পৃষ্ঠা ... কলাম ...

# চট্টগ্রাম কমার্স কলেজে নাছির গ্রুপ-কাদের গ্রুপ গোলাগুলি, গ্রেপ্তার ৬

চট্টগ্রাম অফিস : নগরীর আগ্রাবাদস্থ সরকারি কমার্স কলেজের দখল নিয়ে গতকাল বৃহস্পতিবার দুপুরে ছাত্রলীগের আ জ ম নাছির গ্রুপ এবং কাদের গ্রুপের মধ্যে গুলিবিনিময় এবং বোমা বিস্ফোরণের ঘটনা ঘটেছে। এ সময় কাদের গ্রুপের হামলায় আ জ ম নাছির গ্রুপের সদস্য দিদার আহত হয়। এদিকে, এ ঘটনার পর কাদের গ্রুপের সন্ত্রাসীরা কলেজ অধ্যক্ষার ওপর হামলা এবং তার কার্যালয় ও উপঅধ্যক্ষের কার্যালয় ভাঙচুর করে। ঐসব ঘটনায় পুলিশ উভয় গ্রুপের ছয়জনকে গ্রেপ্তার করেছে।

জানা যায়, গতকাল দুপুর ১২টার দিকে কলেজ গেটে ঐ দুই গ্রুপের সদস্যরা মুখোমুখি হলে এ সংঘর্ষের সূত্রপাত হয়। এ সময় কলেজ হোস্টেল এবং কলেজ গেট এলাকায় কয়েক রাউন্ড গুলি ও ককটেল ফাটানো হয়। এ সংঘর্ষ ঠেকাতে পুলিশও দুই রাউন্ড ফাঁকা গুলি বর্ষণ করে।

প্রত্যক্ষদর্শীরা জানায়, সংঘর্ষের পর কাদের গ্রুপের সন্ত্রাসী শিপন ও হায়দার প্রতিপক্ষের বিরুদ্ধে অভিযোগ নিয়ে কলেজ অধ্যক্ষা শামসুন্নাহার আলীর সঙ্গে কথা কাটাকাটি করে। এক পর্যায়ে তাকে লক্ষ্য করে সন্ত্রাসীরা একটি টুল নিক্ষেপ করে এবং অধ্যক্ষ ও উপঅধ্যক্ষের কার্যালয়ে ভাঙচুর চালায়। পুলিশ ঘটনাস্থল থেকে বিবদমান দুই গ্রুপের মোজাম্মেল, জহিরুল ইসলাম,

● এরপর পৃষ্ঠা ২ কলাম ৫

## চট্টগ্রাম কমার্স কলেজে

● প্রথম পাতার পর

মামুন হাসান মজুমদার, তৈমুর, সাইফুল, জামান এবং শাহাদাতকে গ্রেপ্তার করে। এ ঘটনায় গতকাল ডবলমুরিং থানায় পুলিশ বাদী হয়ে কলেজ অধ্যক্ষার উপর হামলা ও তার কার্যালয়ে ভাঙচুরের ব্যাপারে একটি এবং গোলাগুলির ব্যাপারে পৃথক আরেকটি মামলা রুজু করা হয়েছে।

এদিকে, ছাত্রলীগ সরকারি কমার্স কলেজ শাখার সভাপতি দিদারুল আলম, সাধারণ সম্পাদক তৌফিকুর রহমান লাকন প্রমুখ এক বিবৃতিতে কলেজ অধ্যক্ষা এবং উপঅধ্যক্ষের অফিস ভাঙচুর ও অধ্যক্ষার সঙ্গে অশোভনমূলক আচরণের তীব্র নিন্দা জানান। তারা এ ঘটনায় জড়িতদের শাস্তি দাবি করেন।